# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-রুমাবি-৩৫০/২০২২-২০২৩/ ১৫১৬(১২৫০)

তারিখঃ- ২১ ডিসেম্বর, ২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক এবং আদর্শ প্রাণিসেবা লিমিটেড এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক অনুযায়ী আদর্শ প্রাণিসেবা লিমিটেড কর্তৃক নির্বাচিত কৃষক/উদ্যোক্তাদের বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংকের প্রচলিত নীতিমালা অনুসরণে ঋণ প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

আদর্শ প্রাণিসেবা লিঃ গবাদিপ্রাণি সনাক্তকরণ, সার্বক্ষনিক দেখভাল, নিরীক্ষন, খামার ব্যবস্থাপনা এবং বীমা প্ল্যাটফর্ম নিয়ে কাজ করছে যা গবাদি প্রাণি সম্প্রসারণ কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে গ্রামীণ আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন সহায়ক। আদর্শ প্রাণিসেবা লিঃ এর নিজস্ব কোন অর্থের সংস্থান না থাকায় উক্ত প্রতিষ্ঠানের সহায়তায় বাছাইকৃত কৃষক/ কৃষি উদ্যোক্তাগণকে বাংলাদেশ কৃষি ব্যাংক এর বিভিন্ন শাখার মাধ্যমে ঋণ সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক এবং আদর্শ প্রাণিসেবা লিমিটেড এর মধ্যে ১৩ ডিসেম্বর, ২০২২ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। উভয় পক্ষের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা চুক্তিটি আগামী ১ জানুয়ারী ২০২৩ হতে ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখ পযর্ন্ত বলবৎ থাকবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয় হবেঃ

ক) বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রচলিত/ বিদ্যমান ও ভবিষ্যতে জারিতব্য নীতিমালা অনুযায়ী ঋণ মঞ্জুরি, বিতরণ ও ঋণের উপর সুদের হার প্রযোজ্য হবে যা সময়ে সময়ে পরিবর্তনযোগ্য।

খ) আদর্শ প্রাণিসেবা লিঃ কর্তৃক বাছাইকৃত ও ঋণ পাওয়ার যোগ্য কৃষক/উদ্যোক্তাদের তালিকা প্রস্তুতপূর্বক সময়ে সময়ে বাংলাদেশ কৃষি ব্যাংক এর সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও শাখাসমূহে এবং এর কপি বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে সরবরাহ করবে।

গ) বাংলাদেশ কৃষি ব্যাংক, আদর্শ প্রাণিসেবা লিঃ কর্তৃক সরবরাহকৃত তালিকা থেকে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক এর বিদ্যমান নীতিমালা অনুসরণ করে যাচাই-বাছাইপূর্বক ঋণ মঞ্জুরি প্রদান করবে। এক্ষেত্রে, বাংলাদেশ কৃষি ব্যাংক যে সিদ্ধান্ত গ্রহণ করবে তা-ই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ঘ) আদর্শ প্রাণিসেবা লিঃ এর দাখিলকৃত তালিকা হতে কৃষকদের ঋণ প্রদান ও আদায়ের বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক কে সার্বিক সহযোগিতা প্রদান করবে। তবে, বিতরিত ঋণ আদায়ের দায়িত্ব বিকেবির উপর ন্যস্ত থাকবে।

ঙ) সম্ভাব্য উদ্যোক্তা বাছাই কার্যক্রম পরিচালনার জন্য আদর্শ প্রাণিসেবা লিঃ কোন ধরণের ফিস্ বা পারিশ্রমিক বিকেবির নিকট দাবী করতে পারবে না বা প্রাপ্য হবে না।

চ) আদর্শ প্রাণিসেবা লিঃ কর্তৃক সরবরাহকৃত তালিকা থেকে ঋণ মঞ্জুরি প্রদানের পর কোন ভূয়া ঋণগ্রহিতা সনাক্ত হওয়ার ক্ষেত্রে বিতরিত ঋণ আদায় সম্ভব না হলে তা আদায় ও পরিশোধের দায়িত্ব উক্ত প্রতিষ্ঠান গ্রহণ করবে।

০২। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাবলী পরিপালন সাপেক্ষে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রচলিত/বিদ্যমান ও ভবিষ্যতে জারিতব্য নীতিমালা অনুসরণপূর্বক আদর্শ প্রাণিসেবা লিমিটেড কর্তৃক সরবরাহকৃত কৃষক/উদ্যোক্তাদের তালিকা থেকে যোগ্য কৃষক/উদ্যোক্তাদের ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ঋণ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং যে কোন আবেদন কোন কারণ ছাড়াই বাতিল/বিবেচনা না করার এখতিয়ার বাংলাদেশ কৃষি ব্যাংক সংরক্ষন করবে। এক্ষেত্রে কোন তথ্য বা যোগাযোগের প্রয়োজন হলে অত্র বিভাগের সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ পারভেজ কাওসার সরকার (**মোবাইল নাম্বারঃ ০১৯১১০৪৪৯৪০, টিএন্ডটিঃ ০২৯৫১৫০৫১**) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

চলমান পাতা-০২

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক এবং আদর্শ প্রাণিসেবা লিমিটেড এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক অনুযায়ী আদর্শ প্রাণিসেবা লিমিটেড কর্তৃক নির্বাচিত কৃষক/উদ্যোক্তাদের বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংকের প্রচলিত নীতিমালা অনুসরণে ঋণ প্রদান প্রসঙ্গে।

সার্কুলার লেটার নং-রুমাবি-৩৫০/২০২২-২০২৩/ ২৫১৬(১২৫০)

তারিখঃ- ২১ ডিসেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিংবিভাগ, বিকেবি, প্রধানকার্যালয়, ঢাকা। **উপরোক্ত সার্কুলারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, আদর্শ প্রাণিসেবা লিমিটেড, মহাখালী, ঢাকা।
১০। নথি/মহানথি।

21.12.2022

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক